আল্লাহর শপথ! ইন শাআল্লাহ, আমি যখনই কিছুর ব্যাপারে হলফ করব, তারপর তার চেয়ে উত্তম কিছু দেখতে পাব, তখন আমার কসম ভঙ্গের কাফ্ফারা দিয়ে যেটি উত্তম সেটিই করব।

আবূ মূসা আশআরী রাদিয়াল্লাহু ‘আনহু হতে মারফু হিসেবে বর্ণিত, “আল্লাহর শপথ! ইন শাআল্লাহ, আমি যখনই কিছুর ব্যাপারে হলফ করব, তারপর তার চেয়ে উত্তম কিছু দেখতে পাব,
তখন আমার কসম ভঙ্গের কাফ্ফারা দিয়ে যেটি উত্তম সেটিই করব”।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার নিজের সম্পর্কে সংবাদ দেন যে, তিনি যখনই কিছুর ব্যাপারে হলফ করতেন, তারপর তিনি দেখতেন যে, কল্যাণ হলো কসমের ওপর অটুট না থাকার মধ্যে তখন তিনি যার ওপর কসম করেছেন তা ছেড়ে কসম ভঙ্গ করতেন এবং কাফ্ফারা আদায় করতেন। করনীয় বা বর্জনীয় যাই হোক তিনি যেটি কল্যাণ সেটিই করতেন।

https://sunnah.global/hadeeth/bn/show/2961